ভূমিকম্পে কাঁপল রাজধানীসহ দেশের বিভিন্ন স্থান

রাজধানী ঢাকা ও আশপাশের জেলাসহ দেশের বিভিন্ন স্থানে মাঝারি মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। রবিবার (৭ জুন) রাত ১১টা ৩৬ মিনিটে এই ভূকম্পন অনুভূত হয়।
মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) বা অ্যান্ড্রয়েড আর্থকোয়েক অ্যালার্ট সিস্টেমের প্রাথমিক তথ্যমতে, রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৫.৭। এর উৎপত্তিস্থল ছিল ভুটানের পুনাখা শহর থেকে মাত্র ৭ কিলোমিটার দূরে, ভূপৃষ্ঠের গভীরে। ভুটানে ভূমিকম্পটির মূল কেন্দ্রবিন্দু হলেও এর প্রভাবে দক্ষিণ এশিয়ার পাঁচ দেশ কেঁপে উঠেছে। দেশগুলো হলো— বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল এবং চীন।
এদিকে রাজধানীতে ঝাঁকুনি অনুভূত হলে বহুতল ভবনের বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে। অনেকে আতঙ্কে বাসা থেকে বের হয়ে যান। তবে তাৎক্ষণিকভাবে দেশের কোথাও কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর পাওয়া যায়নি।

সূত্র: কালের কণ্ঠ

চুয়াডাঙ্গা সদরের বিভিন্ন স্থানে অ্যাড. রাসেলের নির্বচনী গণসংযোগ

চুয়াডাঙ্গা-১ আসনের দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল শনিবার দিনব্যাপী চুয়াডাঙ্গা পৌর এলাকায় ও চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের কবিখালি, কাথুলী, মাছের দাঁড়ি ও আশপাশের গ্রামে নির্বাচনী গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গণসংযোগের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনে ১০ দলীয় ঐক্য মনোনীত সংসদ সদস্য প্রার্থী অ্যাড. মাসুদ পারভেজ রাসেল।

গণসংযোগকালে অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল সাধারণ ভোটারদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং এলাকার বিভিন্ন সমস্যা, সম্ভাবনা ও উন্নয়ন ভাবনা নিয়ে কথা বলেন।

তিনি বলেন, “জনগণের ভোট ও ভালোবাসাই আমার শক্তি। নির্বাচিত হলে চুয়াডাঙ্গা-১ আসনকে একটি দুর্নীতি মুক্ত, উন্নত ও জনবান্ধব আসনে পরিণত করতে সর্বোচ্চ চেষ্টা করবো।”

তিনি আরও বলেন, শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান সৃষ্টি, কৃষকের ন্যায্য অধিকার নিশ্চিতকরণ এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন তাঁর অগ্রাধিকার থাকবে। জনগণের অধিকার রক্ষায় আপসহীন ভূমিকা পালনের অঙ্গীকারও করেন তিনি।

আরও উপস্থিত ছিলেন— ‎জামায়াতে ইসলামী সাবেক জেলা আমীর আনারুল হক মালিক, চুয়াডাঙ্গা সদর উপজেলা আমীর মোঃ বেলাল হুসাইন, সেক্রেটারী গোলাম রসুল, মোমিনপুর ইউনিয়ন আমীর মোঃ বজলুর রহমান পিন্টু, সেক্রেটারি, ইসলামী ছাত্রশিবিরের জেলা অর্থ সম্পাদক মোঃ বায়েজিদ বোস্তামীসহ আরও অনেকে।

দর্শনা সহ বিভিন্ন স্থানে স্বতন্ত্র প্রার্থী মীর্জা শাহরিয়া লন্টুর গণসংযোগ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সামনে রেখে চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকার দর্শনা সহ বিভিন্ন স্থানে গণসংযোগ করেছেন সাবেক এমপি মীর্জা সুলতান রাজা’র ছোট ভাই স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু।

গতকাল সকাল থেকে রাত পর্যন্ত দর্শনা, উথলী, জীবননগর সহ বিভিন্ন

স্থানে দিন ব্যাপী গণসংযোগ করেছেন তিনি। চুয়াডাঙ্গা-২ আসনের এমপি পদপ্রার্থী স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহরিয়ার মাহমুদ লন্টু ঢেঁকি প্রতিক নিয়ে নির্বাচনী মাঠে ব্যাপক প্রচার প্রচারনা চালিয়ে যাচ্ছেন। সকাল থেকে রাত পর্যন্ত তিনি সফর সঙ্গীদের সাথে নিয়ে ভোটারদের কাছে যেয়ে কুশল বিনিময় ও লিফলেট বিতরণ করে এবং ব্যনার, ফেস্টুন, পোস্টার ও মাইকিং সহ বিভিন্ন ভাবে নির্বচনী প্রচার চালিয়ে যাচ্ছেন।

এ সময় তিনি বলেন, আমার প্রয়াত বড় ভাই আমার আপনার নেতা সাবেক এমপি মীর্জা সুলতান রাজা ভাই সবসময় এই এলাকার জনগণের শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন নিয়ে কাজ করে গেছেন। আজ তিনি জীবিত নাই। তাই আপনারা যদি আপনাদের মূল্যবান ভোটের মাধ্যমে আমাকে জয়যুক্ত করে আপনাদের ও এই এলাকার এবং এলাকার মানুষের সেবা করার সুযোগ দেন তাহলে আমি দেখিয়ে দিতে চাই যে, সৎ ইচ্ছা থাকলে একজন এমপি এলাকার উন্নয়নে কতটা কাজ করতে পারে। আমরা মুক্তিযুদ্ধ করেছি এই দেশকে এবং দেশের মানুষকে স্বাধীন করার জন্য। কিন্তু যদি কোন একটি স্বার্থান্বেষী মহল চাই যে, সে বা তারা এই স্বাধীন দেশের মানুষকে জিম্মি করে, মামলা হামলার ভয় দেখিয়ে আটকে রাখবে তাহলে সেটা ভুল ভাবছেন। আমরা যুদ্ধ করেছি দেশ ও দেশের মানুষের জন্য। আজ যদি সেই মানুষের কল্যানে কাজ না করতে পারি তাহলে কেমন নেতা আমরা? আমাদের প্রত্যেকটা নেতার উচিৎ মানুষের কল্যানে কাজ করা। তাই আসুন আমরা সকলে কাঁধে কাঁধ মিলিয়ে একতাবদ্ধ ভাবে এই চুয়াডাঙ্গা-২ আসনকে পরিবর্তন করে সুন্দর, সুশৃঙ্খল মাদক ও দুর্নীতি মুক্ত একটি এলাকা গড়ি।

এসময় তার সাথে সফর সঙ্গী হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দর্শনা সরকারি কলেজের সাবেক ভি.পি ও সাবেক জি.এস আবু সাঈদ হাসান, অ্যাডভোকেট শাহরিয়ার কবির, দর্শনা পৌর আওয়ামীলীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি আমির হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী কামাল উদ্দীন সান্টু, আওয়ামী লীগ নেতা- আব্দুল বারি, ফারুক হোসেন, এম.এ ফয়সাল প্রমুখ।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন মিরপুর উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবুল কাশেম জোয়ার্দার; মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন; চিথলিয়া ইউপির চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি এনামুল হক; বহলবাড়িয়া ইউপির চেয়ারম্যান সাইদুর রহমান; তালবাড়িয়া

ইউপির চেয়ারম্যান আবদুল হান্নান, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম মন্টু প্রমুখ।